অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটের প্রস্তুতিমূলক প্রশিক্ষণের কেন্দ্রে (STATE PREPAREDNESS TRAINING CENTER) "র‍্যাভেন্স চ্যালেঞ্জ" সম্পূর্ণ হওয়ার ঘোষণা করেন

নিউ ইয়র্ক স্টেট এবং দেশ ও বিশ্বের অন্যান্য অংশ থেকে 100 জনেরও বেশি জননিরাপত্তা এবং সামরিক বাহিনীর কর্মী ইম্প্রোভাইজড বিস্ফোরক ডিভাইস সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট NYতে ওরিস্কেনির স্টেটের প্রস্তুতিমূলক প্রশিক্ষণের কেন্দ্রে (State Preparedness Training Center, SPTC) সম্প্রতি 2024 সালের "র‍্যাভেন্স চ্যালেঞ্জ"-এর আয়োজন করেছে, যেটি জন নিরাপত্তা সংস্থাগুলোর বম্ব স্কোয়াড এবং সামরিক বাহিনীর এক্সপ্লোসিভ অর্ডন্যান্স ডিজপোজাল টিমের জন্য বিশ্বের বৃহত্তম বার্ষিক প্রশিক্ষণের অনুশীলন। জার্মানি, পোল্যান্ড, ইউক্রেন এবং কানাডা সহ নিউ ইয়র্ক স্টেট, দেশ এবং বিশ্বের বিভিন্ন স্থানের প্রতিনিধিত্বকারী বোমা সংক্রান্ত প্রযুক্তিবিদ এবং সামরিক বাহিনীর কর্মীরা অনুশীলনে অংশগ্রহণ করেন এবং ইম্প্রোভাইজড বিস্ফোরক ডিভাইস সংক্রান্ত প্রতিক্রিয়ার কৌশলের প্রশিক্ষণে নিযুক্ত হন।

"আমরা জননিরাপত্তা এবং সামরিক বাহিনীর কর্মীদের জন্য তাদের জরুরী প্রস্তুতিমূলক দক্ষতাগুলিকে জোরদার করতে এবং রাজ্যের জরুরী পরিস্থিতির প্রতিক্রিয়াকারীদের এবং বিশ্বজুড়ে লোকজনের মধ্যে সম্পর্ককে জোরদার করে তোলার জন্য আয়োজনকারী রাজ্য হতে পেরে আনন্দিত," **গভর্নর হোকল বলেছেন।** "নিউ ইয়র্ক স্টেটের কিছু সেরা প্রশিক্ষণের ফ্যাসিলিটি রয়েছে, এবং এই অনুশীলনগুলি নিশ্চিত করবে যে আমাদের প্রথম প্রতিক্রিয়াকারীরা যেন যেকোনও পরিস্থিতিতে কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে পারেন এবং জনসাধারণকে রক্ষা করতে পারেন।"

সপ্তাহব্যাপী চলমান প্রশিক্ষণের সময় দলগুলো বর্তমান হুমকির পরিবেশ ও ইন্টেলিজেন্স, তথ্য আদান-প্রদান, দল গঠন এবং বাস্তবসম্মত পরিবেশগুলিতে কাজ করার মতো দক্ষতা এবং ক্ষমতাকে বৃদ্ধি করার উপর ভিত্তি করে দৃশ্যকল্প-ভিত্তিক প্রশিক্ষণের পরিচালনা করেছে। রাজ্য এবং দেশের বেশ কিছু বিভিন্ন অংশ এবং সারা বিশ্বের কিছু সংস্থা এই বছরের অনুশীলনে প্রতিনিধিত্ব করেছিল, যেগুলির মধ্যে রয়েছে:

- অ্যালেঘেনি কাউন্টি PA পুলিশ বিভাগ (Allegheny County PA Police Department)

- বাটলার কাউন্টির OH শেরিফের অফিস (Butler County OH Sheriff's Office)
- সিটি অফ এরি PA পুলিশ বিভাগ (City of Erie PA Police Department)
- এরি কাউন্টির NY শেরিফের অফিস (Erie County NY Sheriff's Office)
- এরি কাউন্টির PA শেরিফের অফিস (Erie County PA Sheriff's Office)
- জার্মান ফেডারেল পুলিশ (German Federal Police)
- ম্যাসাচুসেটস স্টেট পুলিশ (ম্যাসাচুসেটস)
- মনরো কাউন্টির NJ শেরিফের অফিস (Monroe County NJ Sheriff's Office)
- নিউ হ্যাভেন CT পুলিশ ডিপার্টমেন্ট (New Haven CT Police Department)
- নিউ জার্সি স্টেট পুলিশ (New Jersey State Police)
- নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
- ওনোন্ডাগ কাউন্টির শেরিফের অফিস (Onondaga County Sheriff's Office)
- পিটসবার্গ PA পুলিশ ডিপার্টমেন্ট (Pittsburgh PA Police Department)
- পোল্যান্ড OED (Poland OED)
- সিটি অফ রচেস্টার পুলিশ বিভাগ (City of Rochester Police Department)
- সিটি অফ সিরাকিউস পুলিশ ডিপার্টমেন্ট (City of Syracuse Police Department)
- টরন্টো CAN পুলিশ (Toronto CAN Police)
- পোর্টল্যান্ড ME পুলিশ HDU (Portland ME Police HDU)
- ইউক্রেনীয় EOD (Ukrainian EOD)
- মার্কিন ক্যাপিটল পুলিশ (U.S. Capitol Police)
- মার্কিন প্রতিরক্ষা বিভাগ (U.S. Department of Defense)
- ওয়াটারলু CAN আঞ্চলিক পুলিশ পরিষেবা (Waterloo CAN Regional Police Services)

এই র‍্যাভেন্স চ্যালেঞ্জ যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর অর্থায়নে এবং অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র এবং বিস্ফোরকের ব্যুরো (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, ATF) ও অংশীদারদের সংস্থাগুলোর যেমন সামরিক বাহিনী, স্বদেশ নিরাপত্তা বিভাগ (Department of Homeland Security), ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (Federal Bureau of Investigation), এবং স্টেট ও স্থানীয় পর্যায়ের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সমন্বয়ের মধ্য দিয়ে পরিচালিত হয়। ATF এই বছর ওয়াশিংটন, ভার্জিনিয়া, ইউটাহ এবং কেনটাকিতে র‍্যাভেন্স চ্যালেঞ্জের অনুশীলনও পরিচালনা করেছে। এই নিয়ে পঞ্চম বারের মতো নিউ ইয়র্ক স্টেট SPTC-তে এই আন্তঃসংস্থা প্রশিক্ষণের আয়োজন করেছে।

2006 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) নিউ ইয়র্ক স্টেটের 12টি স্থানীয় FBI-স্বীকৃত বম্ব স্কোয়াডকে সহায়তা করার জন্য 29.6 মিলিয়ন ডলারের ফেডারেল হোমল্যান্ড সিকিউরিটি তহবিল প্রদান করেছে। র‍্যাভেন্স চ্যালেঞ্জের মতো কার্যকর প্রশিক্ষণের অনুশীলনের সঙ্গে যুক্ত হয়ে এই তহবিল নিউ ইয়র্কের সদা পরিবর্তনশীল হুমকিগুলোর প্রতি সাড়াদানের জন্য এসব টিমকে প্রস্তুতি নিতে সাহায্য করছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট বিশ্বের সেরা প্রথম প্রতিক্রিয়াশীল প্রশিক্ষণের কেন্দ্রগুলির মধ্যে

একটির পরিচালনা করে এবং আমরা এই বছর মর্যাদাপূর্ণ র‍্যাভেন্স চ্যালেঞ্জ আয়োজন করতে পেরে আনন্দিত। এই ধরনের প্রশিক্ষণের জন্য সারা দেশ এবং বিশ্বজুড়ে জরুরী পরিস্থিতিতে প্রতিক্রিয়াকারীদের একত্রিত করা সর্বোত্তম অনুশীলনগুলিকে উৎসাহিত করতে এবং অংশীদারিত্ব বিকাশে সহায়তা করতে পারে যা কোনও সংকটকালীন পরিস্থিতি ঘটলে অত্যন্ত উপকারী হতে পারে।"

ATF NY-এর বিশেষ এজেন্ট ইন চার্জ ব্রায়ান মিলার বলেছেন, "এই প্রশিক্ষণ আমাদের স্থানীয়, রাজ্য এবং ফেডারেল অংশীদারিত্বগুলিকে প্রসারিত করে যা বিস্ফোরক সম্পর্কিত উদীয়মান বিপদগুলিতে এজেন্সিগুলির প্রতিক্রিয়া জানানোর সময়ে জনসাধারণকে সুরক্ষিত রাখে৷ NYS DHSES-এর সাথে আমাদের অংশীদারিত্বেকে নিয়ে আমরা অত্যন্ত গর্বিত এবং একটি প্রিমিয়ার প্রশিক্ষণের ফ্যাসিলিটিতে পেশাদারদের মধ্যে প্রশিক্ষণের সুযোগকে স্বাগত জানাই। এই সংস্থাগুলির মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা হল জড়িত সকলের দক্ষতা এবং পেশাদারিত্বের একটি প্রমাণ।"

স্টেটের প্রস্তুতিমূলক প্রশিক্ষণ কেন্দ্র সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটে দেশের অন্যতম প্রিমিয়ার জরুরি পরিস্থিতিতে সাড়াদানের প্রশিক্ষণ কেন্দ্রগুলির একটি রয়েছে - ওরিস্কেনিতে স্টেটের প্রস্তুতিমূলক প্রশিক্ষণের কেন্দ্র (SPTC)। 1,100 একরের জায়গা নিয়ে অবস্থিত, এই SPTC-তে রয়েছে বিপুল সংখ্যক ধারাবাহিক বাস্তবসম্মত প্রশিক্ষণের ভেন্যু, সুইফট ওয়াটার ও বন্যা প্রশিক্ষণের ভেন্যু, 45,000 বর্গফুটের জায়গা নিয়ে অবস্থিত একটি সিটিস্কেপ কমপ্লেক্স, এবং একটি আরবান সার্চ এন্ড রেসকিউ (Urban Search and Rescue, USAR) সিমুলেটর। শ্রেণিকক্ষের লেকচার ও আলোচনা থেকে শুরু করে, দক্ষতা উন্নয়নের লেন থেকে, বাস্তবতা ও উচ্চ-দক্ষতাসম্পন্ন দৃশ্যকল্প-ভিত্তিক প্রশিক্ষণ পর্যন্ত, SPTC স্টেট, স্থানীয় ও ফেডারেল পর্যায়ের সংস্থাগুলোর জন্য জরুরি পরিস্থিতিতে সাড়াদানকারী ডাইনামিক প্রথম সাড়াদানকারীদের প্রশিক্ষণের জন্য বিস্তৃত সুযোগ দেয়।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরো তথ্য জানতে, ফেসবুক (Facebook)-এ আমাদের দেখুন, টুইটার (Twitter) বা ইন্সটাগ্রাম (Instagram)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইটে যান।

###

আনসাবস্ক্রাইব করুন